

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭০৭

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا أَدْخَلَ الْمَيِّتَ الْقَبْرَ قَالَ: «بِسم الله وَبِاللَّهِ وعَلَى مِلَّةِ رَسُولِ اللَّهِ. رَوَاهُ أَحْمَدُ وَالله وَبِاللَّهِ وعَلَى مِلَّةِ رَسُولِ اللَّهِ. رَوَاهُ أَحْمَدُ وَاللهِ وَبِاللَّهِ وعَلَى مِلَّةِ رَسُولِ اللَّهِ. رَوَاهُ أَحْمَدُ وَاللّهِ وَبِاللّهِ وَابْنُ مَاجَهُ وَرَوَى أَبُو دَاوُد الثَّانِيَة

#### বাংলা

১৭০৭-[১৫] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম যখন কোন মৃত ব্যক্তিকে কবরে রাখতেন, বলতেন, 'বৈসমিল্লা-হ, ওয়াবিল্লা-হি ওয়া 'আলা- মিল্লাতি রসূলিল্লা-হ''। অন্য এক বর্ণনায় আছে, ''ওয়া 'আলা- সুন্না-তি রসূলিল্লা-হ'' (অর্থাৎ আল্লাহর নামে ও আল্লাহর হুকুম মুতাবিক রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামর মিল্লাতের উপর কবরে নামাচ্ছি)। অন্য বর্ণনায় 'মিল্লাতি রসূলিল্লা-হ'-এর জায়গায় 'সুন্নাতি রসূলিল্লা-হ' বর্ণিত হয়েছে। (আহমাদ, তিরমিয়ী, ইবনু মাজাহ; আবু দাউদ দ্বিতীয়াংশটি)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৩২১৩, আত্ তিরমিয়া ১০৪৬, ইবনু মাজাহ্ ১৫৫০, আহকামুল জানায়েয ১৫২ নং পৃঃ, ইবনু আবী শায়বাহ্ ১১৬৯৬, আহমাদ ৪৮১২, ইবনু হিব্বান ৩১১০, আমলুল ইয়াম ওয়াল লা- ইলা-হা ১০৮৯, সুনানুল কুবরা লিল বায়হাকী ৭০৫৮, ইরওয়া ৩য় খন্ড, হাঃ ৭৪৭, সহীহ আল জামি' আস্ সগীর ৮৩২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: মৃত ব্যক্তিকে ক্বরে রাখার সময় যে দু'আ পাঠ করতে হয় এ হাদীসে সেদিকে আলোকপাত করা হয়েছে। এ হাদীসে 'আলা- মিল্লাতি রসূলিল্লা-হ বলা হয়েছে। তবে অন্য বর্ণনায় বলা হয়েছে 'আলা- সুন্নাতি রসূলিল্লা-হ। দু'আয় ব্যবহৃত বিসমিল্লা-হি এর অর্থ হচ্ছে আল্লাহর নামে এ লাশকে দাফন করছি। আর বিল্লা-হি দ্বারা বুঝানো হয়েছে যে, আল্লাহর সাহায্য, ক্ষমতা এবং তার নির্দেশে লাশকে দাফন করছি। আর মিল্লাতি রসূলিল্লা-হ এর অর্থ হল রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আনিত শারী'আতের উপর দাফন করছি।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন